আলমডাঙ্গার ডাউকি ও জামজামিতে জেলা পরিষদ চেয়ারম্যানের গণসংযোগ

কেন্দ্রীয় যুবলীগ নেতা সাবেক জেলা পরিষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা শেখ সামসুল আবেদীন খোকন দিনভর আলমডাঙ্গার ডাউকি ও জামজামি ইউনিয়নে নির্বাচনী গণসংযোগ করেছে।

আগামি সংসদ নির্বাচনে নিজেকে আওয়ামীলীগের প্রার্থী হওয়ার প্রত্যাশা নিয়ে তিনি সাধারন মানুষের সাথে সৌজন্য সাক্ষাত করেন। তাদের খোজ খবর নেন। গণসংযোগকালে কেন্দ্রীয় যুবলীগের সাবেক নেতা জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান বীরমুক্তিযোদ্ধা শেখ সামসুল আবেদীন খোকন বলেছেন, আওয়ামীলীগ ক্ষমতায় আসার পর দেশের উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা নিরল সভাবে কাজ করে যাচ্ছেন।

দেশের এই উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আবারও আওয়ামীলীগকে ক্ষমতায় আনতে হবে। এরজন্য কোন ভেদাভেদ না রেখে দলের প্রত্যেক নেতাকর্মিকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। আমি আপনাদের এলাকার সন্তান। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে নৌকার মনোনয়ন প্রত্যাশি হিসেবে সবার কাছে অনুরোধ জানিয়ে গেলাম আওয়ামীলীগকে ক্ষমতায় আনতে আবারও নৌকায় ভোট দিয়ে দেশের উন্নয়নে অংশ নিন।

তিনি হাউসপুর, বকসিপুর, মাধবপুর, মাজু, অভয়নগর, ছত্রপাড়া, ভোদুয়া, জামজামি বাজার, ঘোষবিলা, মধুপুর, পাঁচলিয়া, ডাউকি, বাদেমাজু গ্রামে গণসংযোগ করেন।

চট্রগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক ভিপি বিশিষ্ট মুক্তিযোদ্ধা শেখ সামসুল আবেদীন খোকন আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নৌকাকে বিজয়ী করতে সকলের প্রতি অনুরোধ করেন।

এ সময় উপস্থিত ছিলেন জেলা কৃষকলীগের যুগ্ম সাধারন সম্পাদক আব্দুল্লাহ আল হোসাইন দিপক, আলমডাঙ্গা পৌরসভার ৮ নং ওয়ার্ড কাউন্সিলর আশরাফুল হোসেন বাবু, গার্মেন্টস মালিক সমিতির যুগ্ম

সাধারন সম্পাদক হাবিবুর রহমান রুবেল হোসেন, সাবেক ছাত্রলীগ নেতা কাজী চন্দন, ডাউকি ইউনিয়ন যুবলীগের সভাপতি রাজু, জামজামি ইউনিয়ন যুবলীগের যুগ্ম আহবায়ক মারফুল হক লাল, যুবলীগ নেতা আশা, সিদ্দিক, এমএস বাসার রিভেন, মীর তৌফিক, শেখ রুবেল, শেখ রবিন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ নেতা নিপ্পন, আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগের নেতা সাহারিয়ার তপু, সাকিব, সাব্বিরুজ্জামান, আশিক, তামিম, আরিয়ান সাকিব, সজিব, নাফিজ, মামুন, টগর, রাসেল প্রমুখ।

মেহেরপুরে বিভিন্ন গ্রামের নারীদের মাঝে উপহার সামগ্রী বিতরন

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন পক্ষ থেকে মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন গ্রামের নারীদের মাঝে উপহার সামগ্রী বিতরন করা হয়েছে।

মঙ্গলবার দুপুরের দিকে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টার মিলনয়তনে সদর উপজেলার বিভিন্ন গ্রামের নারীদের মাঝে উপহার সামগ্রী বিতরন করা হয়।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের পত্নী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সদস্য সৈয়দা মোনালিসা ইসলাম সদর উপজেলার ৭ টি ইউনিয়নের বিভিন্ন শতাধিক নারীর মাঝে উপহার সামগ্রী বিতরন করেন।

এ সময় অন্যদের মধ্যে মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সভাপতি সামিউন বাসিরা পলি, সাধারণ সম্পাদিকা অ্যাডভোকেট রুথসোভা মন্ডল, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান লতিফুল নেছা লতা, যুব মহিলা লীগের নেত্রী রোজিনা খাতুন, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভানেত্রী তকলিমা খাতুন প্রমুখ উপস্থিত ছিলেন।
এর আগে সদর থানা যুব মহিলা লীগের সভাপতি লতিফুন্নেছা লতা এবং সাধারণ সম্পাদিকা রোজিনা আক্তার মেহেরপুর জেলা আওয়ামী লীগের সদস্য সৈয়দা মোনালিসা ইসলামকে ফুল দিয়ে বরণ করে নেন।

আলমডাঙ্গায় শেখ সামসুল আবেদীন খোকনের নির্বাচনী গণসংযোগ

কেন্দ্রীয় যুবলীগ নেতা সাবেক জেলা পরিষদের চেয়ারম্যান শেখ সামসুল আবেদীন খোকন দিনভর আলমডাঙ্গার বেলগাছি, নাগদাহ, আইলহাঁস ও খাসকররা ইউনিয়নে নির্বাচনী গণসংযোগ করেছে।

আগামী সংসদ নির্বাচনে নিজেকে আওয়ামীলীগের প্রার্থী হওয়ার প্রত্যাশা নিয়ে তিনি সাধারন মানুষের সাথে সৌজন্য সাক্ষাত করেন। তাদের খোজ খবর নেন। সকলের কাছে দোয়া কামনা করেন যেন আগামী সংসদ নির্বাচনের মাঠে নৌকা প্রতিক নিয়ে জনতার সামনে আসতে পারেন।

তিনি বেলগাছি বাজার, ও বেলগাছী মালিথাপাড়া, নাগদাহ ইউনিয়নের খেজুরতলা বাজার, জাঁহাপুর মোড়,ঘোলদাড়ি বাজার, আইলহাঁস ইউনিয়নের পাইকপাড়া, আইলহাঁস, আইলহাঁস বাজারে ও খাসকররা এলাকায় জনসংযোগ করেন।

গণসংযোগকালে তিনি আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নৌকাকে বিজয়ী করতে সকলের প্রতি অনুরোধ করেন।

চট্রগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক ভিপি বিশিষ্ট মুক্তিযোদ্ধা শেখ সামসুল আবেদীন খোকন বৃষ্টি উপেক্ষা করেই এ গণসংযোগ অব্যাহত রাখেন।

এ সময় উপস্থিত ছিলেন আওয়ামীলীগ নেতা আব্দুল্লাহ আল হোসাইন দিপক, আলমডাঙ্গা পৌরসভার ৮ নং ওয়ার্ড কাউন্সিলর আসরাফুল হোসেন বাবু, বিশিষ্ট ব্যবসায়ী হাবিবুর রহমান রুবেল হোসেন, শামীম সরোয়ার, শেখ সাহানুর টিপু, যুবলীগ নেতা শেখ রিভেন, রুবেল, মিয়াদ, লিখন, রিদয়, রিয়ন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ নেতা নিপ্পন, আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগের নেতা সাহারিয়ার তপু, সাকিল, সাব্বিরুজ্জামান, আশিক, সজিব, নাফিজ, মামুন, টগর, সাকিব, তামিম, রাসেল প্রমুখ।

[redacted]

[redacted]

নেতৃত্ব যে একটি সক্রিয় রূপ পেয়েছে সে বিষয়ে বিস্তারিত তুলে ধরেন।

আওয়ামীলীগের ত্যাগী নেতাকর্মীদের মুল্যায়ন করতে হবে—বক্তারা

প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের হাত থেকে আওয়ামীলীগকে বাঁচাতে হবে। উড়ে এসে জুড়ে বসা এমপি বা মন্ত্রী নয় আওয়ামীলীগের ত্যাগী নেতাকর্মীদের যারা মুল্যায়ন করবে, তাদের পাশে থাকবে এমন নেতাকে মনোনয়ন দিতে হবে। সামনে পুলিশ পেছনে পুলিশ নিয়ে নয়, ত্যাগী নেতা কর্মীদের পাশে নিয়ে চলবে সেই নেতাকে আমরা চাই। মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগ কর্তৃক আয়োজিত ঈদ শুভেচ্ছা মিটিং এ এসব কথা বলেন বক্তারা।

জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি আওয়ামীলীগের ত্যাগী নেতাকর্মীদের বাদ দিয়ে হাইব্রীড নেতাকর্মীদের মুল্যায়ন করা ও তাদের দিয়ে বিভিন্ন প্রকল্পের কাজ করানোর তীব্র সমালোচনা করা হয়।

আজ রবিবার (২ জুলাই) বিকালে দারিয়াপুর হাট প্রাঙ্গনে এই ঈদ শুভেচ্ছা মিটিং এর আয়োজন করা হয়।

দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সহ-সভাপতি আব্দুর রশিদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই শুভেচ্ছা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামীলীগের সহসভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জেলা আওয়ামীলীগের সহসভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, সদর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামীলীগের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এবং সাবেক ঢাবি ছাত্রনেতা এমএএস ইমন,

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, জেলা যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক সাজ্জাদুল ইসলাম, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম মোল্লা, জেলা যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক টনিক বিশ্বাস, মুজিবনগর উপজেলা কৃষকলীগের সাবেক সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, মেহেরপুর জেলা পরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক কুতুব উদ্দীন, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক রেজাউল হক রেজা, মেহেরপুর জেলা যুবলীগের সদস্য ইয়ানুস আলী, মুজিবনগর উপজেলা কৃষকলীগের সাবেক সাধারণ সম্পাদক মনিরুজ্জামান টিটো, দারিয়াপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি আহসানুল হক।

সমাবেশে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের বিভিন্ন স্তুরের নেতা কর্মী ছাড়াও যুবলীগ, কৃষকলীগ, স্বেচ্ছাসেবকলীগ ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন জেলা আওয়ামীলীগের সদস্য ও মুজিবনগর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান কামরুল হাসান চান্দু।

সম্মেলনের ১৩ মাস পর মেহেরপুর জেলা আওয়ামী লীগের পূর্ণাঙ্গ কমিটি অনুমোদন

সম্মেলনের ১৩ মাস পর আগামী তিন বছরের (২০২২-২০২৫ সালের) জন্য মেহেরপুর জেলা আওয়ামী লীগের ৭৩ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি অনুমোদন করা হয়েছে।

গত শুক্রবার (২৩ জুন) বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতির অনুমোদন সাপেক্ষে সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের স্বাক্ষরিত একটি পত্রে আগামী তিন বছরের জন্য মেহেরপুর জেলা আওয়ামী লীগের ৭৩ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটির অনুমোদন দেওয়া হয়েছে। মেহেরপুর জেলা আওয়ামী লীগের একাধীক প্রভাবশালী নেতার মাধ্যমে এই তথ্য নিশ্চিত

করা হয়েছে। তবে অনুমোদিত কমিটি এ রিপোর্ট লেখা পর্যন্ত প্রকাশ করা হয়নি। তবে জেলা কমিটির সাধারণ সম্পাদক বলেছেন, ইন্টারন্যাল কারণে কমিটি প্রকাশ করা যাচ্ছে না। সবাই যখন পাবেন তখন আপনারাও (সাংবাদিকরা) পাবেন।

এর আগে গত ২০২২ সালের ১৬ মে মেহেরপুর সামসুজ্জোহা পার্কে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সম্মেলনে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনকে সভাপতি, এমএ খালেককে সাধারণ সম্পাদক, আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, জিয়া উদ্দীন বিশ্বাস, আব্দুল মান্নান ও অ্যাড. মিয়াজান আলী, অ্যাড. ইয়ারুল ইসলামকে সহসভাপতি ও অ্যাড. ইব্রাহীম শাহীনকে যুগ্ম সাধারণ সম্পাদক এবং সাবেক এমপি জয়নাল আবেদীনকে জাতীয় পরিষদ সদস্য ঘোষণা করা হয়।

দীর্ঘ ১৩ মাস অপেক্ষার পর মেহেরপুর জেলা আওয়ামী লীগের পূর্ণাঙ্গ কমিটি অনুমোদিত হওয়ায় উচ্ছ্বসিত ও আনন্দিত জেলার নেতাকর্মীরা।

কয়েকটি নির্ভরযোগ্য সূত্রে নতুন অনুমোদিত পূর্ণাঙ্গ কমিটিতে যারা রয়েছেন বলে জানা গেছে। তারা হলেন সভাপতি পদে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, সহ-সভাপতি পদ পেয়েছেন অ্যাড. মিয়াজান আলী, আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, জিয়া উদ্দীন বিশ্বাস, অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, আব্দুল মান্নান, সিরাজুল ইসলাম, শহিদুল ইসলাম বিশ্বাস, শহিদুল ইসলাম শাহ, আবুল কাশেম মাষ্টার, জহুরুল ইসলাম।

যুগ্ম-সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, অ্যাড. একেএম শফিকুল আলম, রেজাউল ইসলাম মাষ্টার, কোষাধ্যক্ষ সিরাজুল ইসলাম, আইন বিষয়ক সম্পাদক অ্যাড. পল্লব ভট্টচার্য, তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক অ্যাড. শহীদুল হক, ধর্ম বিষয়ক সম্পাদক আবুল খায়ের মুন্সি, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক ইঞ্জিনিয়ার জিয়াউর রহমান মুকুল, সাংগঠনিক সম্পাদক অ্যাড. খোন্দকার আব্দুল মতিন, আশরাফুল ইসলাম স্বপন, যুব ও ক্রীড়া সম্পাদক শাশ্বত নিপ্পন, শিল্প ও বানিজ্য বিষয়ক সম্পাদক আরিফুল এনাম বকুল, স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক এএসএম নাজমুল হক সাগর, শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, দফতর সম্পাদক মকলেছুর রহমান, উপ-দফতর সম্পাদক গোলাম কিবরিয়া বুলু, মহিলা বিষয়ক সম্পাদক শামীম আরা হিরা, প্রচার সম্পাদক আকবর জালাল, উপ-প্রচার সম্পাদক মিজানুর রহমান হিরন, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আসলাম শিহির, মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক আব্দুর রব। এছাড়াও সদস্য হিসেবে

কমিটিতে রয়েছে গাংনী আসনের এমপি মোহাম্মদ শাহিদুজ্জামান খোকন, জেলা পরিষদ চেয়ারম্যান মহা: আব্দুস সালাম, প্রফেসর আব্দুল মান্নান (সাবেক এমপি), জয়নাল আবেদীন (সাবেক এমপি), ইকবাল হোসেন বুলবুল, খ ম ইমতিয়াজ হারুন জুয়েল, মেহেরপুর পৌর মেয়র মাহাফুজুর রহমান রিটন, বোরহান উদ্দীন আহম্মেদ চুন্নু, মোখলেছুর রহমান মুকুল, মোমিনুল ইসলাম, আহম্মেদ আলী, গোলাম মোস্তফা, রুৎ শোভা মন্ডল, গোলাম মোস্তফা, লুৎফুন্নেছা লতা, সৈয়দা মোনালিসা হোসেন, লাভলী ইয়াসমীন, ইদ্রিস আলী মাস্টার, আবুল কাশেম বাবলু, শাহ জামান, কামরুল হাসান চান্দু, আব্দুর রাজ্জাক, গোলাম সাকলায়েন সেপু, সাজেদুল ইসলাম। তবে বাকিদের নাম এখনও জানা সম্ভব হয়নি।

ছিটকে গেলেন হেবিওয়েট নেতারা
জেলা আওয়ামী লীগের গুরুত্বপূর্ণ পদে থেকেও বিভিন্ন নির্বাচনে বিদ্রোহী প্রার্থী হওয়ায় মেহেরপুর জেলা আওয়ামী লীগের কমিটি থেকে যেসব হেবিওয়েট নেতা ছিটকে গেলেন তাদের মধ্যে রয়েছেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও মেহেরপুর-২ আসনের একাধিকবার নির্বাচিত সাবেক এমপি মকবুল হোসেন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের একাধিকবার নির্বাচিত চেয়ারম্যান আমাম হোসেন মিলু, জেলা আওয়ামী লীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের একাধিকবার নির্বাচিত চেয়ারম্যান আয়ূব হোসেন, আরেক সাংগাঠনিক সম্পাদক ও আমদহ ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আনারুল ইসলাম, মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল, জেলা আওয়ামী লীগের দূর্যোগ ও ত্রান সম্পাদক মিজানুর রহমান রানা, জেলা আওয়ামী লীগের সদস্য ও তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের একাধিকবার নির্বাচিত চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস পচু।
এ ব্যাপারে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন, যারা পদ পদবী থেকে ছিটকে গেছেন তাদের ব্যাপারে কেন্দ্রীয় আওয়ামী লীগ সিদ্ধান্ত নিয়েছেন। বিভিন্ন নির্বাচনে তারা দলের বাইরে বিদ্রোহী প্রার্থী হওয়ায় দল তাদের মাফ করলেও আপাতত পদ পদবী থেকে বঞ্চিত করেছে। আমরা তাদের নামগুলো পাঠিয়েছিলাম। হয়তো বা কেন্দ্রীয় আওয়ামী লীগের কাছে এসব বিদ্রোহী নেতা কর্মীর বিরুদ্ধে বলায় তাদের ব্যাপারে সংশোধনী এনে এই শাস্তির আওতায় রেখেছে।

[illegible] [illegible] [illegible] [

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস। পরে মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের পক্ষে সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, শহর আওয়ামী লীগের পক্ষে শহর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, জেলা যুবলীগের পক্ষে জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জদুল আনাম, মেহেরপুর জেলা যুব মহিলা লীগের পক্ষে সদর উপজেলা যুব মহিলা লীগে সভানেত্রী লতিফুন নেছা লতা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করেন।
বাংলাদেশ আওয়ামী লীগের ৭৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিকেলে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। প্রতিমন্ত্রীর বাসভবনের সামনে থেকে মিছিলটি শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে গিয়ে শেষ হয়।
মিছিলে অন্যদের মধ্যে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, এম এ হালিম, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম, সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল হোসেন, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ জামান, কুতুপুর ইউনিয়ন চেয়ারম্যান সেলিম রেজা, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুর সালাম বাঁধন প্রমুখন মিছিলে অংশগ্রহণ করেন।

উড়ে এসে জুড়ে বসা কোনো এমপি মেহেরপুরবাসি চায় না

জেলা আওয়ামীলীগের সহ সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী বলেন, আওয়ামীলীগের প্রকৃত নেতা কর্মীদের মুল্যায় হচ্ছেনা। হাইব্রীড নেতারা মনে করছেন তারাই সব কিছু। এক সময় যারা মেহেরপুরে মিটিং মিছিল করেছেন আগামীতে তারাই থাকবে। হাইব্রীড নেতারা থাকবে না। তারা ভোট করবেনা। এইসব ত্যাগী নেতা কর্মীরাই ভোট করবে। তাই এসব

সবুজের পতাকা বিশ্বাস করেনি সেই পরাজিত সৈনিকরা আবারো ষড়যন্ত্র করছে।তাই মেহেরপুরের মানুষকে ঐক্যবদ্ধ থাকতে হবে।
রিটন বলেন, কোন পৈত্রিক সূত্রে নয়, যারা মেহেরপুরের প্রকৃত আওয়ামীলীগ তাদের মধ্যে থেকে মনোনয়ন দিতে হবে।জেলা পর্যায়ের তৃণমুলের নেতা কর্মীদের মূল্যায়ন করতে হবে। যারা দলকে নিয়ে ছিনিমিনি খেলছে, যারা দলকে ভাঙ্গিয়ে রাতারাতি কোটিপতি হচ্ছে আঙুল ফুলে কলাগাছ হচ্ছে আগামিতে আমরা তাদের বিরুদ্ধে প্রতিবাদ করবো। যারা দলের মধ্যে বিশৃংখলা করছে আওয়ামীলীগের নেতৃবৃন্দকে মুল্যায়ন করছেনা। তাদের বিরুদ্ধে দূর্বার আন্দোলন গড়ে তুলবো। আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাবেক উপদেষ্টা আসকার আলী, মুজিবনগর উপজেলার ভারপ্রাপ্ত উপজেলা চেয়ারম্যান রফিকুল ইসলাম, মহজমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজানুর রহমান নান্নু, মুজিবনগর উপজেলার সাবেক ভাইস চেয়ারম্যান কামরুল হাসান চাঁদু, আওয়ামী লীগের নেতা আব্দুর রেজা, যুবলীগ নেতা নিশান সাবের, পৌর যুবলীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার কাউন্সিলর আল মামুন, জেলা ছাত্র লীগের সাবেক সভাপতি মফিজুর রহমান, সাধারণ সম্পাদক জুয়েলরানা, জেলা ছাত্রলীগ সহ-সভাপতি সোভন সরকার, সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, বিল্পব হোসনে।
এর আগে বাংলাদেশ আওয়ামী লীগের ৭৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এডভোকেট ইয়ারুল ইসলামের উদ্যোগে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।
পরে বাংলাদেশ আওয়ামী লীগের ৭৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে একটি মিছিল বের করা হয়। জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এডভোকেট ইয়ারুল ইসলামের নেতৃত্বে সদর উপজেলা পরিষদ থেকে শুরু করে প্রধান সড়ক হয়ে জেলা শিল্পকলা একাডেমীর সামনে গিয়ে মিছিলটি শেষ হয়। র্যালী শেষে কেক কাটা হয়।

মেহেরপুরের সাবেক এমপি জয়নাল আবেদীন গুরতর অসুস্থ

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও সাবেক এমপি আলহাজ্ব মো: জয়নাল আবেদীন গুরতর অসুস্থ হয়ে ঢাকার একটি হাসপাতালে

চিকিৎসাধীন রয়েছেন। তিনি চিকিৎসকের নিবিড় পর্যবেক্ষণে ছিলেন। বর্তমানে তিনি কেবিন রয়েছেন।

জয়নাল আবেদীনের শ্যালক নুরুল ইসলাম জানান,‘তিনি কিডনি জটিলতায় ভুগছিলেন। একবার ডায়ালসিস করা হয়েছে। তিনি দুই সপ্তাহ যাবৎ সোহরাওয়ার্দি মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি আছেন । পরিবারের পক্ষ থেকে সুস্থতা কামনা করে দোয়া চেয়েছেন সকল কাছে।

জয়নাল আবেদীন ১৯৫৪ সালে মেহেরপুরের বাগোয়ান গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বর্তমানে বাংলাদেশ আওয়ামী লীগের জাতীয় নির্বাহী কমিটির সদস্য।

তিনি মেহেরপুর-১ (সদর–মুজিবনগর) আসন থেকে ২০০৮ সালে নির্বাচিত সাবেক সংসদ সদস্য। নবম জাতীয় সংসদে তিনি বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য ছিলেন।

আলমডাঙ্গায় বর্ষায় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে ছাতা প্রদান ও মতবিনিময় সভা

চুয়াডাঙ্গা এলাকায় বহমান তাপপ্রবাহ ও আসন্ন বর্ষায় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে ছাতা প্রদান উপলক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

তারাদেবী ফাউন্ডেশনের আয়োজনে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন তারাদেবী ফাউন্ডেশনের চেয়ারম্যান, কেন্দ্রীয় আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্য বিষয়ক উপকমিটির সদস্য, ডায়মন্ড ওয়াল্ডের স্বত্বাধিকারী দিলিপ কুমার আগরওয়ালা। বিকেলে আলমডাঙ্গা উপজেলার খাসকররা কলেজ মাঠে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে জনাকীর্ণ এ মতবিনিময় সভায় প্রধান অতিথি বলেন, আপনাদের খাসকররা ইউনিয়ন একটি ঐতিহ্যবাহী